

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০২১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আশ্বিন, ১৪২৮/২২ সেপ্টেম্বর, ২০২১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আশ্বিন, ১৪২৮ মোতাবেক ২২ সেপ্টেম্বর, ২০২১
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ
করা যাইতেছে :—

২০২১ সনের ১৭ নং আইন

Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 রহিতকরণকল্পে
প্রণীত আইন

যেহেতু Medical Colleges (Governing Bodies) Ordinance, 1961 (Ordinance No.
XIII of 1961) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Medical Colleges (Governing
Bodies) (Repeal) Act, 2021 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। রহিতকরণ ও হেফাজত।—(১) Medical Colleges (Governing Bodies)
Ordinance, 1961 (Ordinance No. XIII of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত,
এতদ্বারা রহিত করা হইল।

(১৩৯২৯)

মূল্য : টাকা ৪.০০

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন—

- ক) কৃত কার্যক্রম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- খ) গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই;
- গ) জারিকৃত প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশ, নীতিমালা, অনুমোদন, মনোনয়ন, যদি থাকে, তবে উহা সংশোধন বা বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে কার্যকর থাকিবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই; এবং
- ঘ) দায়েরকৃত কোন মামলা বা কার্যধারা কোনো আদালতে চলমান থাকিলে উহা এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই।

কে, এম, আব্দুস সালাম
সচিব।